

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০২২.১৫.০৫১.১৭ - ৮৫

তারিখঃ ২৮/০১/২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৮/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৮৬.১৭-২৯৭ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক জনাব কল্পনা আক্তার (রেজিঃ নম্বর- ০০০৪০৮), পিতা- মোঃ হায়দার আলী, মাতা- রাবেয়া বেগম, গ্রাম- বিচুন্দাইর, ডাকঘর- দোল্লাই নবাবপুর, উপজেলা- চান্দিনা, জেলা- কুমিল্লা- কে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত ৩৫৫০০- ৬৭০১০/- টাকা স্কেলে রাজস্ব খাতভুক্ত(স্থায়ী) “প্রোগ্রামার” পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল:

শর্তাবলী

- (ক) তাঁকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (খ) তাঁকে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (গ) উপানুচ্ছেদ (ক)- এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন ও শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;
- (ঘ) চাকরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রদত্ত বেতন- ভাতা এবং চাকরিকালে গৃহীত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ফেরত দিতে বাধ্য থাকবেন;
- (ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য- কাজে অনুপস্থিত থাকেন, তবে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (চ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি- বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (জ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ- বিধি অনুযায়ী সকল স্বাবর- অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগে জমা দিতে হবে;
- (ঝ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

চলমান পাতা- ১/ ২

(Handwritten signature)

২। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৮/০২/২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হল। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং ইহা তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে




মোছাম্মাৎ ফারহানা রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৫২৫৭

নং- ৩৫.০০.০০০০.০২২.১৫.০৫১.১৭ - ৮৫/১(১৩)

তারিখঃ ২৮/০১/২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
- ০৪। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৫। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব(প্রশাসন/উন্নয়ন/বাজেট/এস্টেট/আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ০৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী প্রকাশের অনুরোধসহ)
- ০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এমআইএস এন্ড এস্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। জনাব কল্পনা আক্তার, পিতা- মোঃ হায়দার আলী, মাতা- রাবেয়া বেগম, গ্রাম- বিচুন্দাইর, ডাকঘর- দোহ্লাই নবাবপুর, উপজেলা- চান্দিনা, জেলা- কুমিল্লা(বর্তমান ঠিকানাঃ বাসা নং- ১, লেন নং- ১০, ব্লক- সি, সেকশন- ৬, মিরপুর, ঢাকা- ১২১৬)
- ১৩। অফিস কপি/মাস্টার কপি


মোছাম্মাৎ ফারহানা রহমান
সিনিয়র সহকারী সচিব